# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৩২১

পর্ব-৩: পাক-পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - যে কারণে উযূ করা ওয়াজিব হয়

### আরবী

وَقد روى أَبُو هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ الله صلى الله عَلَيْهِ وَسلم: عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذَا أَفْضَى أَحَدُكُمْ بِيَدِهِ إِلَى ذَكَرِهِ لَيْسَ بَيْنَهُ وَبَيْنَهَا شَيْءٌ فَلْيَتَوَضَّأْ» . رَوَاهُ الشَّافِعِيُّ والدراقطني

### বাংলা

৩২১-[২২] আবূ হুরায়রাহ্ (রাঃ) রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেছেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেনঃ ’’তোমাদের কারো হাত নিজের পুরুষাঙ্গের উপর লাগলে এবং হাত ও পুরুষাঙ্গের মধ্যে কোন আবরণ না থাকলে তাকে উযূ (ওয়ু/ওজু/অজু) করতে হবে’’। (শাফি‘ঈ ও দারাকুত্বনী)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসনাদে শাফি‘ঈ ১২ পৃঃ, দারাকুত্বনী ১/১৪৭, সহীহুল জামি‘ ৩৬২।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ত্বলক্ব বিন ‘আলী (রাঃ) এর বর্ণিত হাদীসটি মুহয়্যিইউস্ সুন্নাহর মতো ইবনু হিব্বান, ত্ববারানী, ইবনুল ‘আরাবী হাযিমীসহ আরো অনেককেই মানসূখ হওয়ার দাবী করেছেন। কারণ, আবূ হুরায়রাহ্ (রাঃ) ত্বলক্ব বিন আলমী (রাঃ)-এর ইয়ামান থেকে আগমনের পরে ৭ম হিজরীতে খায়বারের বছরে ইসলাম গ্রহণ করেন। আর ত্বলক্ব (রাঃ) রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মসজিদে নাবাবী নির্মাণের সময় ১ম হিজরীতে ইসলাম গ্রহণ করেন। অতএব, আবূ হুরায়রাহ্ (রাঃ)-এর সংবাদটি ত্বলক্ব বিন ‘আলী (রাঃ)-এর সংবাদের সাত বছরে পরের ছিল যা প্রমাণ করে যে, ত্বলক্ব-এর হাদীসটি মানসূখ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54880

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন